গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
আইসিটি সেল

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অংশীজন (stakeholders) সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো. মনজুর হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৯ নভেম্বর, ২০২২ খ্রি |
| সভার সময় | বেলা ০২:৩০ ঘটিকা |
| স্থান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি উপসচিব (প্রশাসন), সেতু বিভাগকে অংশীজন সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ করেন। অতঃপর উপসচিব (প্রশাসন) উপস্থিত সদস্যবৃন্দকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ করেন। পরিচিতি পর্বের পর তিনি সভার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে কাজ করছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ ও সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে সেবা প্রদানের নিমিত্ত অংশীজনের (stakeholders) সভা আয়োজন করে থাকে। আজ মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অংশীজনের (stakeholders) সভা অনুষ্ঠিত হচ্ছে।


২। সভাপতির আহ্বানে উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ অংশীজনগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। এ পর্যায়ে সভাপতি সার্বিক বিষয়ে মতামত উপস্থাপন করার জন্য উপস্থিত কর্মকর্তা ও অংশীজনগণের প্রতি আহ্বান জানান।

৩।সভায় নিম্নরূপ ভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপসচিব (প্রশাসন) সভাকে জানান যে, সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাগুলো নির্ধারিত সময়ে সেবা প্রদান করার নির্দেশনা রয়েছে। সভাপতি মহোদয় সেবাগুলো নির্ধারিত সময়ে সেবা প্রদান করার বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | সিটিজেন চার্টারের উল্লিখিত সেবাগুলো নির্ধারিত সময়ে সেবা প্রদান করার অনুরোধ করা হলো। | উপসচিব (প্রশাসন) |
| ০২ | স্থানীয় রাজনৈতিক ব্যক্তিত্ব শেখ মহসিন চৌধুরী সভায় বলেন যে, “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল” এর দক্ষিণ টিউবের পূর্ত কাজের সমাপ্তি উদ্‌যাপন করা হয়েছে। টানেল নির্মাণ করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সকল কর্মকর্তা কর্মচারী কে ধন্যবাদ জানান। মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ করলে মুন্সীগঞ্জ ও চাঁদপুরের জনসাধারণ অনেক উপকৃত হবেন বলে দাবি করেন। | মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ কাজ অগ্রাধিকার ভিত্তিতে করার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্প পরিচালক, শরীয়তপুর-চাঁদপুর সড়ক ও গজারিয়া-মুন্সীগঞ্জ সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জন্য মাস্টারপ্ল্যান প্রণয়ন |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | প্রধান অতিথি এড. মৃণাল কান্তি দাস, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-৩ বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী ভুমিকায় নিজস্ব অর্থায়নে বাংলাদেশে গর্বের প্রতীক স্বপ্নের পদ্মাসেতু আজ দৃশ্যমান। উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে তিনি মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষকে অনুরোধ করেন। | মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। | প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |
| ০৪ | সভাপতি মহোদয় সেবা প্রদান প্রতিশ্রুতির প্রত্যেকটি সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে যথা সময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন। | যথা সময়ে সেবা প্রদান করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। | উপসচিব (প্রশাসন) |

৪। পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো. মনজুর হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.২০১.৩৮.০২৩.১৫.২২৩

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
১৪ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব এড. মৃণাল কান্তি দাস, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-৩
২) অতিরিক্ত সচিব ও উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন)), পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প
৩) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ , সেতু বিভাগ
৪) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৫) পরিচালক, পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৬) যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ , সেতু বিভাগ
৭) পরিচালক (রুটিন দায়িত্ব), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৮) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৯) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১০) অতিরিক্ত পরিচালক (পরিবেশ), পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প
১১) জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
১২) পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
১৩) উপসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ
১৪) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ
১৫) উপসচিব, উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ
১৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ
১৭) সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (মনিটরিং) এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১৮) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর, মুন্সীগঞ্জ
১৯) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ

২০) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মুন্সীগঞ্জ

২১) জেলা মৎস্য অফিসার, মুন্সীগঞ্জ

২২) উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ

২৩) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ

২৪) উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, মুন্সীগঞ্জ

২৫) সহকারী কমিশনার (ভূমি), গজারিয়া উপজেলা, মুন্সিগঞ্জ

২৬) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

২৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ

২৮) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সেতু বিভাগ

২৯) সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামী লীগ, গজারিয়া উপজেলা, মুন্সীগঞ্জ

৩০) চেয়ারম্যান , ইউনিয়ন পরিষদ, ................................

৩১) জনাব, ...........................................

Alamgir

মোঃ আলমগীর হুসাইন
সিনিয়র সহকারী সচিব